নেত্রকোনায় রেলস্টেশনে আগুন, ভিডিও ভাইরাল



ছবি: সংগৃহীত

নেত্রকোনার বারহাট্টার অতিথপুর রেলস্টেশনে আগুন দেওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। মঙ্গলবার (১৭ নভেম্বর) গভীর রাতে স্টেশনটির পরিত্যক্ত প্ল্যাটফর্মে এ ঘটনা ঘটে।

পুলিশের তথ্য অনুযায়ী, রাত ১১টা থেকে ১২টার মধ্যে দুর্বৃত্তরা সেখানে আগুন দেয়। ছড়িয়ে পড়া ৪১ সেকেন্ডের ভিডিওতে দেখা যায়, এক যুবক প্ল্যাটফর্মের মেঝে ও পিলারে তরল পদার্থ ঢেলে আগুন ধরাচ্ছেন। এ সময় নিচে আরেকজনকে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। আগুন দেওয়ার পর দুজন দ্রুত সেখান থেকে চলে যান।

বারহাট্টা থানার ওসি চম্পক দাম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। প্ল্যাটফর্মের তিনটি পিলারে চটের বস্তা ব্যবহার করে পেট্রোল বা অন্য কোনো দাহ্য পদার্থ দিয়ে আগুন দেওয়ার চিহ্ন পাওয়া গেছে। পিলারগুলো লোহার হওয়ায় বড় ধরনের ক্ষতি হয়নি।

মোহনগঞ্জ রেলওয়ে স্টেশনের ম্যানেজার জহিরুল ইসলাম বলেন, অতিথপুরের ওই প্ল্যাটফর্মটি আগে থেকেই বন্ধ। আগুনের ঘটনায় ট্রেন চলাচলেও কোনো প্রভাব পড়েনি।

এর আগে বারহাট্টার পাটলী ও নেত্রকোনা সদরের চল্লিশা এলাকায় আরও তিনবার রেললাইনে আগুন দেওয়ার ঘটনা ঘটে।